

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপ কমিটির নভেম্বর ২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : আনিস মাহমুদ, যুগ্মসচিব  
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপ-কমিটি।  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।  
সভার তারিখ : ০৯/১১/২০১৬ খ্রিঃ  
সময় : সকাল ০৯:৩০ ঘটিকা  
স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ।


সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপস্থিত সভার কাজ শুরু করেন। শুরুর্তেই বিগত ০৯/১০/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	শিল্প কারখানা ও বহুতল ভবন পরিদর্শন এবং মোবাইল কোর্ট পরিচালনা	অগ্নি প্রতিরোধ ও নির্বাণ আইন- ২০০৩ এর আওতায় শিল্প কারখানা ও বহুতল ভবনসমূহে অগ্নি প্রতিরোধ নিশ্চিত করার লক্ষ্যে উপ-সহকারী পরিচালকগণের নেতৃত্বে গঠিত পরিদর্শন টিমের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ঢাকায় মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ) ও সহকারী পরিচালক, ঢাকা দ্রুত জেলা প্রশাসকের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করবেন। আগামী ১২/১১/১৬ তারিখে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সম্মুখে একটি বিশেষ সভার আয়োজন করতে হবে।	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
২.	অধিদপ্তরের কর্মকর্তাদের আইটি বিষয়ক প্রশিক্ষণ	আইটি বিষয়ে পরবর্তী প্রশিক্ষণ কোর্স সপ্তাহে কমপক্ষে ৩দিন (সন্ধ্যা ০৫.০০-০৭.০০ ঘটিকা পর্যন্ত) অধিদপ্তরে আয়োজন করতে হবে এবং অধিদপ্তরের কর্মকর্তা বৃন্দ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন।	অধ্যক্ষ ও সহকারী পরিচালক প্রশিক্ষণ
৩.	ই-ফাইলিং এর কার্যক্রম চালু	অধিদপ্তরে ই-ফাইলিং কার্যক্রম চালুর জন্য গঠিত কমিটি জরুরি ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক, কম্পিউটার কাউন্সিল ও ঢাকা জেলা প্রশাসকের অফিসে বিদ্যমান ই-ফাইলিং কার্যক্রম পরিদর্শন করে অভিজ্ঞতা অর্জন করবেন।	সহকারী পরিচালক প্রশিক্ষণ
৪.	পরিষ্কার পরিচ্ছন্নকরণ	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি অনুযায়ী ৩০/১১/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সকল অফিস ভবন ও আশ্রিনার পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং উপ-পরিচালক (অপাঃ ও মেইনঃ)
৫.	ওয়াশরুম মেরামত	ওয়ান স্টপসহ বিভাগীয় ও জেলা পর্যায়ের সেবা সেন্টার ও অভ্যর্থনা কক্ষের কাছাকাছি সেবা প্রত্যাশী ও দর্শনার্থীদের জন্য ওয়াশরুম মেরামতের কাজ জরুরি ভিত্তিতে সম্পন্ন করতে হবে এবং ওয়ান স্টপ সেবা সেন্টারে দর্শনার্থীদের বসার জন্য আসন সংখ্যা বাড়াতে হবে।	সহকারী পরিচালক (উন্নয়ন)
৬.	জনবল মঞ্জুরি, নিয়োগ বিধি সংশোধন, অর্গানোগ্রাম ও টিওএন্ডই হালনাগাদকরণ	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অন্তত ২দিন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের শাখায় যোগাযোগ করবেন এবং এ বিষয়ে অগ্রগতি একটি রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।	ডিডি (প্রশাঃ ও অর্থ), এডি(পরিঃ কোষা) ও ডিএডি (রিফর্ম সেল)
৭.	জাতীয় শুদ্ধাচার কৌশলের প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	ডিসেম্বর মাসের মধ্যে অংশীজনের অংশগ্রহণে ২য় সভার আয়োজন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)

২১.	প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রদান	প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ের প্রতিবেদনে গড়মিল পরিলক্ষিত হওয়ায় প্রশিক্ষণের সকল তথ্য প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে সংগ্রহ পূর্বক প্রশিক্ষণ শাখায় সমন্বয় করে প্রেরণের ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক প্রশিক্ষণ
-----	--------------------------------------	---	--------------------------

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে সিদ্ধান্তসমূহ জরুরিভাবে প্রতিপালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
 সিদ্ধান্তসমূহ  
 যুগ্মসচিব  
 পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৪৪.০৬.০০০০.০০২.৯৯.০১৪. ১১৯৭৮-(৩১)

তারিখঃ ৩০ নভেম্বর ২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

- ১। যুগ্মসচিব, অগ্নি অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পাঃউঃপ্রঃ), সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
- ৪। অধ্যক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৬। সহকারী পরিচালক (ক্রয় ও স্টোর/প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/প্রশিক্ষণ/ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/পরিকল্পনা কোষ)।
- ৭। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
- ৮। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (জোন-১/২/৩/৪)।
- ৯। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১০। জনাব -----।
- ১১। আইসিটি সেল, এ অধিদপ্তর। উক্ত কার্যবিবরণী ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।

  
 মোঃ বদিউজ্জামান  
 উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)  
 ফোনঃ ৯৫৫৭৫৭৯